গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর,
আগারগাঁও,শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং- সসেঅদ/শা-চিঃ ও প্রবেঃ/ন-৬৭৫/ ৮৩(৬৪) /১০ তারিখঃ ২৯/৬/২০১০খ্রিঃ

**বিষয়ঃ** <u>প্রবেশন কার্যক্রম জোরদার এবং যথাযথ বাস্তবায়ন প্রসংগে।</u>

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম সমাজসেবা অধিদফতরের একটি গুরুত্বপূর্ণ কর্মসূচি। অধিকাংশ প্রবেশন অফিসারের দায়িত্ব পালনে অনীহার কারনে প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম সারাদেশে তেমন ফলপ্রসূ হচ্ছেনা। 'অপরাধী প্রবেশন অধ্যাদেশ' ১৯৬০( ১৯৬০ সনের ৪৫ নং অধ্যাদেশ), প্রবেশন রুলস্ ১৯৭১ এবং শিশু আইন ১৯৭৪ ও শিশু বিধি ১৯৭৬ অনুযায়ী প্রবেশন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ কার্যক্রম আরো জোরদার করণের লক্ষ্যে অবিলম্বে নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন পূর্বক অধিদফতরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো ঃ

১। সকল জেলার জেলা প্রশাসক, বিজ্ঞ বিচারক, চীফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট, চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেটগণের সাথে নিয়মিতভাবে যোগাযোগক্রমে প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম জোরদার ও সুষ্ঠ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। কেন্দ্রীয় ও জেলা কারাগারে আটক শিশু কিশোর/কিশোরীদের মুক্তির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্সের নিয়মিত সভা অনুষ্ঠান এবং টাস্কফোর্সের সহায়তায় আটক শিশু কিশোর/কিশোরীদের উন্নয়ন কেন্দ্রে এবং নিরাপদ আবাসন কেন্দ্রে(সেফ হোম)স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তি/সমাজসেবা অধিদফতরের বর্ণিত প্রতিষ্ঠানসমূহে স্থানান্তরের ব্যাপারে বিজ্ঞ আদালতে আবেদন জানানো ও স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করে এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান করতে হবে।

৪। সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের Suo-Moto Rule no-01/2010 এর রায়ের আলোকে প্রবেশন অফিসারদের ২৪ ঘন্টা দায়িত্বে নিয়োজিত থাকতে হবে।

৫। সংশ্লিষ্ট থানা থেকে পুলিশ কর্তৃক আটককৃত শিশু কিশোরদের তথ্য সংগ্রহ এবং তাদের মুক্তি/ কিশোর-কিশোরী উন্নয়ন কেন্দ্রে স্থানান্তর/অভিভাবকের কাছে প্রেরণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। প্রবেশন কেস/মামলার সার্টিফাইড কপি সংগ্রহপূর্বক প্রবেশন অফিসারের কার্যালয়ে সংরক্ষণ ও অধিদফতরকে অবহিত করতে হবে।

৭। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন ট্রেড প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমের কেন্দ্র ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণকারী ও পুনর্বাসিতদের তথ্যাদি সম্বলিত তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৮। উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা, শহর সমাজসেবা কার্যক্রম এর সাথে যোগাযোগক্রমে প্রশিক্ষণ ও ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় প্রবেশনাধীন ব্যক্তি/শিশু এবং মুক্তিপ্রাপ্ত কয়েদীদের পুনর্বাসনের যথাযথ উদ্যোগ নিতে হবে এবং এ সংক্রান্ত মাসিক অগ্রগতির বিবরণ সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে।

৯। অনতিবিলম্বে ২০০৯ - ২০১০ অর্থ বছর পর্যন্ত প্রাপ্ত প্রবেশন কেইস, প্রবেশনে মুক্তি,পুনর্বাসন ও সংশ্লিষ্ট তথ্যাদির সমন্বিত প্রতিবেদন জেলা প্রশাসকের প্রতিস্বাক্ষরসহ সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে।

১০। কারাগারে অবস্থানরত শিশু- কিশোরদের দৈনিক ও মাসিক তথ্য সংশ্লিষ্ট জেল কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরসহ নির্ধারিত ছকে ও নির্ধারিত সময়ে সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে।

১১। কারাগারে আটক শিশু কিশোরদের মুক্তির লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের গৃহিত সিদ্ধান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদফতরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১২। প্রবেশন ও টাস্কফোর্স সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক নির্ভুলভাবে সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়ন পূর্বক আগামী ১৫(পনর) কর্মদিবসের মধ্যে অগ্রগতির তথ্য সমাজসেবা অধিদফতরকে অবহিত করার জন্য সকল প্রবেশন অফিসার/দায়িত্বপ্রাপ্ত প্রবেশন অফিসারদেরকে নির্দেশ দেয়া হলো।

বিষয়টি অতীব জরুরী।

(সিতাংশু সেন)
মহাপরিচালক
ফোনঃ-৯১১৯৬৬ (অফিস)

প্রবেশন অফিসার
প্রবেশন কার্যক্রম............ জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।




অনুলিপি- <u>সদয় জ্ঞাতার্থেঃ</u>

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)</u>

১। জেলা প্রশাসক.............................................(সকল জেলা)।

২। চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট-----------------------------(সকল জেলা)।

৩। জেল সুপার.............................................(সকল জেলা)।

৪। উপ-পরিচালক, জেলাসমাজসেবা কার্যালয়...................................(সকল)।
উপরোক্ত বিষয়ে নির্দেশনা বাস্তবায়নের নিমিত্তে নিবীড় তদারকী এবং সংশ্লিষ্ট প্রতিবেদন সমূহ স্ব স্ব কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং সসেঅদ/শাঃচিঃ ও প্রবেঃ/নথি-৮১৬/ ২০৯(৫৫৭) /০৯ তারিখ ঃ ১৯-১০-২০০৯ খ্রিঃ

বিষয় ঃপ্রবেশন কেসের সার্টিফাইড কপি সংরক্ষণ এবং সংশ্লিষ্ট বিজ্ঞ আদালত, থানা এবং কারা কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবেশন কার্যক্রম সমাজসেবা অধিদফতরের একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম যা ১৯৬২ সন হতে চালু রয়েছে। শিশু আইন-১৯৭৪ এবং দ্যা প্রবেশন অব অফেন্ডার্স অর্ডিন্যান্স-১৯৬০(১৯৬৪ সালে সংশোধিত) এর যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করা প্রবেশন কার্যক্রমের মুল উদ্দেশ্য। এ কার্যক্রমের মাধ্যমে প্রথম ও লঘু অপরাধে অভিযুক্ত বা সাজাপ্রাপ্ত ব্যক্তি ও শিশু-কিশোর/কিশোরীকে কোন প্রতিষ্ঠান বা কারাগারে প্রেরণ না করে তার কর্মস্থলে, পরিবারে বা সমাজে রেখে সংশোধনের নিমিত্তে নির্দিষ্ট মেয়াদে মাননীয় আদালত প্রবেশন মঞ্জুর করে থাকেন। প্রথমবারের মতো লঘু অপরাধমূলক কর্মকাণ্ডে সংশ্লিষ্ট যে কোন বয়সের পুরুষ/মহিলা এবং যে কোন অপরাধে দন্ডিত ব্যক্তি ও শিশু-কিশোর/কিশোরী এ ব্যবস্থায় সুযোগ পেয়ে থাকেন।

অপরাধী প্রবেশন অধ্যাদেশ-১৯৬০(১৯৬০ সালের ৪৫ নং অধ্যাদেশ) এবং শিশু আইন ১৯৭৪ অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত আদালত, মহামান্য হাইকোর্ট বিভাগ, দায়রা আদালত, অতিরিক্ত দায়রা আদালত, সহকারী দায়রা আদালত, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ১ম শ্রেনীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের আদালত প্রথম ও লঘু অপরাধে জড়িত শিশু কিশোর/কিশোরী বা প্রাপ্ত বয়স্ক ব্যক্তিকে কতিপয় শর্ত সাপেক্ষে ১ হতে ৩ বছরের জন্য প্রবেশন মঞ্জুর করে থাকেন। উপরোল্লিখিত আইন দু'টির আওতায় বিভিন্ন আদালতের বিচারকগণকে সহায়তা করার জন্য এবং সংশ্লিষ্ট আদালতের রায় (শর্তাবলী) অনুযায়ী সংশোধন ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনার জন্য প্রবেশন অফিসার/ দায়িত্বপ্রাপ্ত প্রবেশন অফিসারগণ দায়িত্ব পালন করছেন। অপরাধী এবং জেল ফেরত কয়েদীদের পুনর্বাসনের বিষয়টিও প্রবেশন অফিসারদের একটি অন্যতম দায়িত্ব। এজন্য সংশ্লিষ্ট আদালত, থানা এবং কারা কর্তৃপক্ষের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা প্রয়োজন।

এমতাবস্থায়, প্রবেশন অফিসার/দায়িত্বপ্রাপ্ত প্রবেশন অফিসারগণকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশ দেয়া হলো। এ প্রেক্ষিতে প্রবেশন কেস/মামলার সার্টিফাইড কপি সংগ্রহপূর্বক প্রবেশন অফিসারের কার্যালয়ে সংরক্ষণ করে আগামী ১৫-১১-২০০৯খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য প্রবেশন অফিসারদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ মন্ত্রণালয় এবং অধিদফতরের উর্ধতন কর্তৃপক্ষ প্রবেশন কার্যক্রম পরিদর্শনকালে উল্লিখিত বিষয়গুলো পর্যবেক্ষন করবেন।

(এ,বি,এম,আরশাদ হোসেন)
পরিচালক(কার্যক্রম)
ফোন-৯১২৬৬৯২

প্রবেশন অফিসার/দায়িত্বপ্রাপ্ত প্রবেশন অফিসার /
সমাজসেবা অফিসার(রেজিঃ)/উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়,
শহর সমাজসেবা কার্যালয়,........(সকল)।

বিতরণঃ

সদয় জ্ঞাতার্থে ঃ

১। সচিব,সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মহাপরিচালক,সমাজসেবা অধিদফতর,আগারগাঁও,ঢাকা।

কার্যার্থে ঃ

১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,..................(সকল)।
উপরিউক্ত নির্দেশনা যথাসময়ে এবং যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

Probation board